দৈনিক ইনকিলাব

তারিখ 07 MAR 1998
পৃষ্ঠা ৮ কলাম ২

173

# চিওড়া সরকারী কলেজে সন্ত্রাসের রাজত্ব কায়েম করা হয়েছে

—এ্যানি-সোহেল

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** জাতীয়তাবাদী ছাত্র দলের সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি ও সাধারণ সম্পাদক হাবিব-উন-নবী সোহেল এক বিবৃতিতে চৌদ্দগ্রাম চিওড়া সরকারী কলেজ ছাত্র দল সভাপতি শাহীন পারভেজ রেজা ছাত্র লীগ সশস্ত্র মস্তানদের গুলীতে মারাত্মকভাবে আহত এবং সুমন, জিয়া ও কালাম জখম হওয়ার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। নেতৃদ্বয় বলেন, সরকারী সংগঠন ক্ষমতার প্রভাবে চিওড়া সরকারী কলেজে সন্ত্রাসের রাজত্ব কায়েম করে ছাত্র দল নেতা-কর্মীদেরকে নির্যাতন এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের শিক্ষার পরিবেশকে অনিশ্চিত করে তুলছে।

নেতৃদ্বয় চিওড়া সরকারী কলেজে সন্ত্রাস সৃষ্টিকারী ও শাহীন রেজাকে গুলীবিদ্ধকারী ছাত্র লীগ সন্ত্রাসীদেরকে অবিলম্বে গ্রেফতার করে সেখানে শিক্ষার পরিবেশ নিশ্চিত করার দাবী জানান।